কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০৫.০০৭.২০০১- ৮৬৫ তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০১৭

বরাবর
যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, কিশোরগঞ্জ।

বিষয়ঃ কিশোরগঞ্জ অঞ্চলের হোসেনপুর ৪০০ মেঃটন ধারণ ক্ষমতাসম্পন্ন গুদাম ও স্থাপনার চুক্তির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৬৭ তারিখ: ১৩/০৭/২০১৭। .

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ অঞ্চলের হোসেনপুর ৪০০ মেঃটন ধারণ ক্ষমতাসম্পন্ন গুদাম ও স্থাপনার চুক্তির মেয়াদ ০১/০৬/২০১৭ হতে ৩১/০৫/২০১৯ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য চুক্তির মেয়াদ নবায়নের আদেশের শর্তাবলি অনুযায়ী আইন বিভাগ কর্তৃক ভাড়া চুক্তিপত্রের খসড়া সঠিকতা যাচাই করা হয়েছে এবং সঠিক আছে বলে মতামত প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, কিশোরগঞ্জ অঞ্চলের হোসেনপুর ৪০০ মেঃ টন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির চুক্তির মেয়াদ নবায়নের জন্য ভাড়া চুক্তিপত্রের অনুমোদিত খসড়া মোতাবেক উল্লেখিত সময়ের নবায়ন চুক্তি সম্পাদনের নিমিত্ত শর্ত চুক্তিপত্রে প্রতিস্থাপনপূর্বক স্বাক্ষরবিহীন নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ০৩ (তিন) সেট চুক্তিনামা গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ অনুমোদিত খসড়া চুক্তিপত্র ০১ (এক) সেট।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপি:

১.জনাব মোঃ আঃ ওয়াহাব, পিতাঃ আকবর হোসেন, গ্রামঃ ভড়ুয়া, ডাকঘরঃ হোসেনপুর, উপজেলাঃ হোসেনপুর, জেলাঃ কিশোরগঞ্জ।
২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩. অফিস কপি।